



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

৩১ ডিসেম্বর ২০২৪

তারিখ: -----

১৬ পৌষ ১৪৩১

বিআরপিডি সার্কুলার লেটার নং-৫৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**বিআরপিডি সার্কুলার নং-১৪/২০২২ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-৫১/২০২২ এর আওতায় সুবিধাপ্রাপ্ত
ঋণের উপর আরোপিত সুদ আয়খাতে স্থানান্তরকরণ এবং উক্ত ঋণের বিপরীতে প্রভিশন সংরক্ষণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৫৩, তারিখ: ২২ ডিসেম্বর ২০২২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের প্রেক্ষাপটে ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতাদের ঋণ পরিশোধ সহজীকরণের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে নির্দেশনা প্রদান করা হয়। সে প্রেক্ষিতে, ভবিষ্যতে ব্যাংকসমূহের আর্থিক ভিত্তি সুদৃঢ় রাখা এবং Shock Absorbing Capacity বৃদ্ধির লক্ষ্যে ঋণ পরিশোধ সহজীকরণ সুবিধাপ্রাপ্ত ঋণ হিসাবসমূহের বিপরীতে 'Special General Provision-Covid-19' খাতে ক্ষেত্রভেদে ১%/১.৫%/২% হারে অতিরিক্ত জেনারেল প্রভিশন সংরক্ষণের জন্যও ইতঃপূর্বে নির্দেশনা প্রদান করা হয়।
- এক্ষণে, বিআরপিডি সার্কুলার লেটার নং-৫৩/২০২২ সহ অন্যান্য সার্কুলার/সার্কুলার লেটারের মাধ্যমে 'Special General Provision-Covid-19' খাতে রক্ষিত প্রভিশন সংরক্ষণ করার বাধ্যবাধকতা এতদ্বারা রহিত করা হলো। ইতঃপূর্বে এ খাতে রক্ষিত প্রভিশন ঋণ ও অগ্রিমের বিপরীতে সংরক্ষিতব্য প্রভিশন (জেনারেল ও স্পেসিফিক) খাতে স্থানান্তর করা যাবে।
- ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।
- এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০২৫২